# হোস্টেলে অবস্থানের নিয়মাবলী

১) হোস্টেলে অবস্থানের অনুমতি প্রাপ্ত প্রশিক্ষণার্থীর আগমন এবং প্রস্থানের তারিখর ও সময় যথাযথভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।
২) বিশেষ অনুমতি ছাড়া প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত্রি এবং পরের রাত্রি ব্যতিত হোস্টেলে অবস্থান করা যাবে না।
৩) কক্ষের জন্য নির্ধারিত মালামাল যৌথভাবে বুঝে নিতে হবে এবং হোস্টেল ত্যাগের পূর্বে হাউজ কিপারকে যথাযথভাবে বুঝিয়ে দিতে হবে।
৪) ভেঁজা কাপড় কোনক্রমে দরজা, জানালা, খাটের ষ্ট্যান্ডে বা আলনায় শুকানো যাবে না।
৫) মালামাল নিজ দায়িত্বে গুছিয়ে রাখতে হবে।
৬) হোস্টেলে প্রয়োজনের অতিরিক্ত জিনিসপত্র ও মূল্যবান গহনাদি রাখা যাবে না।
৭) কমোড/প্যান ব্যবহারের পর পরবর্তী জনের ব্যবহারের সুবিধার্থে নিজ দায়িত্বে পরিস্কার রাখতে হবে।
৮) কক্ষ ত্যাগ করার পূর্বে বৈদ্যুতিক বাতি,ফ্যান ও পানির কল বন্ধ করতে হবে।
৯) চিত্ত-বিনোদনের জন্য বিদ্যমান সুবিধা কেবল প্রশিক্ষণ পরবর্তী সময় ব্যবহার করা যাবে।
১০) কক্ষে নাস্তা বা খাবার কোনক্রমে আনা যাবে না। কক্ষে বা ডাইনিং কক্ষে কোন হিটার ব্যবহার করা যাবে না।
১১) নির্ধারিত কক্ষে বিশেষ অনুমতি ছাড়া অতিথি/শিশু নিয়ে অবস্থান করা যাবে না।
১২) সন্ধ্যার সাথে সাথে হোস্টেলের গেইট বন্ধ করা হবে। রাত্রি ৮.০০টা পর্যন্ত কর্তব্যরত দারোয়ানকে পরিচয় দিয়ে হোস্টেলে প্রবেশ করা যাবে। রাত্রি ৮.০০ টার পরে কোনক্রমে হোস্টেলের গেইট খোলা যাবে না।
১৩) হোস্টেলে অবস্থানের সময় কোন অসুবিধা দেখা দিলে অথবা কর্তব্যরত কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা তাৎক্ষনিকভাবে হাউজ কিপারকে অবহিত করতে হবে।
১৪) প্রশিক্ষণার্থীগণ অসুস্থ হয়ে পড়লে হাউজ কিপারকে অবহিত করতে হবে।
১৫) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে হোস্টেলের বাইরে অবস্থান করা যাবে না।
১৬) হোস্টেলে সকল প্রকার রাজনৈতিক আলাপ আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ।
১৭) রুমমেট বা অন্যান্য প্রশিক্ষণার্থীর সঙ্গে ঝগড়া বিবাদ ও অশোভন আচরণ করে হোস্টেলের পরিবেশ নষ্ট করা যাবে না।
১৮) অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারির সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে হবে।
১৯) অনুগ্রহপূর্বক টিস্যু, প্যাড/স্যানিটারি ন্যাপকিন, শ্যাম্পু/সাবান/চিপস/চকলেটের মোড়ক, ফলের খোসা, মাথার চুল ইত্যাদি ঝুড়ি/ডাস্টবিনে ফেলুন।

"দেশপ্রেমের শপথ নিন
প্রতিষ্ঠান পরিচ্ছন্ন রাখুন।"

**নির্দেশক্রমে-**

**কর্তৃপক্ষ**